# বাংলাদেশ গণিত সমিতি

কার্যালয় : রুম নং ৮০৩, এ এফ মুজিবুর রহমান গণিত ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

**Bangladesh Mathematical Society**

Office: Room No. 803, A F Mujibur Rahman Ganit Bhaban, University of Dhaka, Dhaka-1000, Bangladesh

Web site: www.bdmathsociety.org, BMS E-mail : bmsoffice1000@gmail.com


তারিখ : ২৪-১০-২০১৭

**কার্যকরী সংসদ নির্বাচন-২০১৭** **বিজ্ঞপ্তি -১**

বাংলাদেশ গণিত সমিতির কার্যকরী সংসদ উহার ২০-০৯-২০১৭ তারিখের সভায় সমিতির ২০১৮-২০১৯ কার্যকালের কার্যকরী সংসদের নির্বাচনের তারিখ **২২ ডিসেম্বর ২০১৭** নির্ধারণ করিয়াছেন এবং **উক্ত নির্বাচন সমিতির সংবিধান অনুযায়ী পরিচালনার জন্য নিম্নস্বাক্ষরকারীকে নির্বাচন কমিশনার নিযুক্ত করিয়াছেন । কার্যকরী সংসদের গঠন নিম্নরূপ ঃ**

| | | | |
|---|---|---|---|
| সভাপতি | ১ (এক) জন | সহ-সভাপতি | ৩ (তিন) জন |
| সম্পাদক | ১ (এক) জন | কোষাধ্যক্ষ | ১ (এক) জন |
| যুগ্ম-সম্পাদক | ১ (এক) জন | সহকারী সম্পাদক | ১ (এক) জন |

কার্যকরী সদস্য ১১ (এগার) জন

১। এতদ্বারা সমিতির সদস্যদের মধ্য হইতে উক্ত পদ সমূহের জন্য মনোয়নপত্র আহ্বান করা যাইতেছে। মনোনয়নপত্রের একটি নমুনা সংযুক্ত হইল, প্রয়োজনে ইহার ফটোকপি ব্যবহার করা যাইবে।

২। প্রত্যেক মনোনয়নপত্রে সমিতির একজন সদস্য (প্রস্তাবক) সমিতির অপর একজন সদস্য (পদপ্রার্থী)-কে উল্লেখিত পদগুলির নির্দিষ্ট একটি পদে মনোনয়ন প্রদান করিবেন । তৃতীয় একজন সদস্য (সমর্থক) উক্ত প্রস্তাব সমর্থন করিবেন । প্রস্তাবক, সমর্থক, পদপ্রার্থী প্রত্যেকে মনোনয়নপত্রের নির্ধারিত স্থানে নিজ নিজ সদস্য নম্বর উল্লেখসহ নাম লিখিবেন ও স্বাক্ষর করিবেন। তবে শর্ত থাকে যে,

**ক. আগামী ১১ নভেম্বর ২০১৭ তারিখ অপরাহ্ন ৪:০০ টার মধ্যে যে সকল সদস্য সমিতির সদস্যপদ লাভ করিবেন শুধুমাত্র সে সকল সদস্যই ভোটার বলে গণ্য হইবেন।**

খ. সকল ক্ষেত্রেই সদস্যকে ভোটাধিকারী সদস্য হইতে হইবে।

গ. প্রস্তাবক অথবা সমর্থক অথবা প্রার্থী হিসাবে কোন সদস্য সভাপতি পদের জন্য একটির অধিক, সহ-সভাপতি পদের জন্য তিনটির অধিক, কার্যকরী সদস্য পদের জন্য এগারটির অধিক, অন্যান্য পদের প্রত্যেকটির জন্য একটির অধিক মনোনয়নপত্র স্বাক্ষর করিতে পারিবেন না।

ঘ. কোন সদস্য একাধিক পদের জন্য প্রার্থী হইতে পারিবেন না।

ঙ. কোন সদস্য একই পদে উপর্যুপরি দুই কার্যকালের জন্য নির্বাচিত হইলে পরবর্তী তৃতীয় কার্যকালের জন্য তিনি ঐ একই পদের জন্য প্রার্থী হইতে পারিবেন না।

৩। **মনোনয়নপত্র** খামে ভরিয়া খামের মুখ বন্ধ করিয়া, খামের উপর 'মনোনয়নপত্র' লিখিয়া হাতে-হাতে অথবা বাহক অথবা ডাক অথবা কুরিয়ার মারফত সমিতির কার্যালয়ে **পৌছানোর সময়সীমা ১৯ নভেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০ টা। কোন খোলা মনোনয়নপত্র গ্রহণ করা হইবে না।**

৪। উক্ত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরপরই নির্বাচন কমিশনার প্রাপ্ত মনোনয়নপত্র সমূহ যাচাই-বাছাই করিয়া বৈধ প্রার্থীদের তালিকা সমিতির নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তির মাধ্যমে ঘোষণা করিবেন।

৫। বৈধভাবে মনোনীত কোন প্রার্থী নির্বাচন কমিশনারের নিকট নিজ স্বাক্ষরযুক্ত নোটিশ দাখিল করিয়া নিজের প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন । **প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা ২৬ নভেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০টা।**

৬। প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরপরই নির্বাচন কমিশনার বৈধ প্রর্থীদের চূড়ান্ত তালিকা সমিতির নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তির মাধ্যমে ঘোষণা করিবেন। যদি কোন পদের জন্য পদের সংখ্যার অধিক প্রার্থী না থাকেন তাহা হইলে নির্বাচন কমিশনার ঐ সকল প্রার্থীকে ঐ একই বিজ্ঞপ্তিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন।

৭। ভোট গ্রহণের প্রয়োজন হইলে নির্বাচনী সভায় উপস্থিত সদস্যবৃন্দের গোপন ভোটের এবং যে কোন অনুপস্থিত সদস্য পূর্বাহ্নে ডাক-ভোট ব্যবহার করার ইচ্ছা প্রকাশ করিবেন, তাঁহাদের ডাক-ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

৮। যেসকল সদস্য ডাকভোট ব্যবহার করিতে ইচ্ছুক, তাঁহাদের ডাক-ভোটপত্রের প্রেরণের জন্য আবেদন করার সময়সীমা **৩ ডিসেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০টা**। উক্ত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরবর্তী কার্যদিবসে নির্বাচন কমিশনার ডাক-ভোটপত্রের আবেদনকারীদের নিকট ডাক-ভোটপত্র প্রেরণ করিবেন।

৯। ডাক-ভোট প্রদানের পর ডাক-ভোটপত্র নির্বাচন কমিশনারের নিকট পোঁছানোর সময়সীমা **১৭ ডিসেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০।**

১০। ডাক-ভোটের আবেদনপত্র বাহক মারফত পাঠানো যাইবে, কিন্তু কোন অবস্থাতেই কোন বাহকের হাতে ডাক-ভোটপত্র দেওয়া হইবে না । ডাক-ভোটপত্র আবেদনপত্রে উল্লেখিত ঠিকানায় ( কোন ঠিকানার উল্লেখ না থাকিলে, সদস্য তালিকায় উল্লেখিত ঠিকানায়) কুরিয়ার/ডাকযোগে পাঠানো হইবে।

১১। প্রত্যেক ডাক-ভোটপত্রে ভোটারের সদস্য নম্বর উল্লেখসহ স্বাক্ষর থাকিতে হইবে, আবেদনপত্রে প্রদত্ত স্বাক্ষরের সহিত এই স্বাক্ষরের মিল থাকিতে হইবে। নির্বাচন কমিশনার ডাক-ভোটারের পরিচয় গোপন রাখার ব্যবস্থা গ্রহণ করিবেন ।

১২। কার্যকরী সংসদের কোন পদের জন্য আদৌ কোন প্রার্থী না থাকিলে নির্বাচনী সভায় উপস্থিত সদস্যদের মধ্য হইতে সংখ্যাগরিষ্ঠের ভোটে ঐরূপ পদ পূরণ করা হইবে ।

১৩। ভোটগ্রহণ সমাপ্তির পর নির্বাচন কমিশনার কর্তৃক নিযুক্ত ব্যক্তিরা প্রার্থীদের বা তাঁহাদের অনুমোদিত প্রতিনিধিদের মধ্য হইতে যাঁহারা উপস্থিত থাকিতে ইচ্ছুক, তাঁহাদের সম্মুখে প্রত্যেক প্রার্থীর সপক্ষে প্রদত্ত ভোটের সংখ্যা গণনা করিবেন এবং উক্ত সংখ্যা নির্বাচন কমিশনারকে জ্ঞাপন করিবেন ।

১৪। একই পদের জন্য দুই বা ততোধিক প্রার্থী সমান সংখ্যক ভোট পাইলে নির্বাচন কমিশনার লটারীর মাধ্যমে ঐ পদে কে জয়ী হইবেন তাহা ঠিক করিবেন।

১৫। নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে নির্বাচন কমিশনারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

(ড. চন্দ্রনাথ পোদ্দার)
নির্বাচন কমিশনার

## ** নির্বাচন ২০১৭ ঃ গুরুত্বপূর্ণ তারিখ সমূহ

১। নির্বাচন সংগঠিত হওয়ার তারিখ ২২ ডিসেম্বর (শুক্রবার) ২০১৭ বিকাল ৩:০০টা - ৫:০০টা।

২। ২০১৭ এর নির্বাচনে ভোটাধিকার প্রয়োগের জন্য নতুন ভোটার হওয়ার সর্বশেষ তারিখ ১১ নভেম্বর (শনিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০টা।

৩। মনোনয়নপত্র নির্বাচন কমিশনারের নিকট পৌছানোর সময়সীমা ১৯ নভেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০টা।

৪। প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা ২৬ নভেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০টা।

৫। ডাক-ভোট প্রদানে ইচ্ছুক সদস্যদের ভোট-পত্র পাওয়ার আবেদন করার সময়সীমা ৩ ডিসেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০টা।

৬। ডাক-ভোট প্রদানের পর ডাক-ভোটপত্র নির্বাচন কমিশনে পৌছানোর সময়সীমা ১৭ ডিসেম্বর (রবিবার) ২০১৭ অপরাহ্ন ৪:০০টা।

## কার্যকরী সংসদ নির্বাচন-২০১৭ ঃ প্রত্যক্ষ গোপন ভোট/ডাক-ভোট এর নিয়ামাবলী

১। ২২ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনী সভায় উপস্থিত ভোটাধিকারী সদস্যবৃন্দের গোপন ভোটের মাধ্যমে এবং যে সকল
অনুপস্থিত সদস্য পূর্বাহ্নে ডাক-ভোট ব্যবহার করার ইচ্ছা প্রকাশ করিবেন, তাঁহাদের ডাক-ভোটের মাধ্যমে উক্ত নির্বাচন অনুষ্ঠিত হইবে ।

২। প্রত্যেক প্রত্যক্ষ ভোট অথবা ডাক-ভোট প্রদানকারীকে একটি ভোটপত্র প্রদান করা হইবে । যাহাতে পছন্দের প্রার্থীর নামের পার্শ্বে ক্রস চিহ্ন প্রদানের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিতে হইবে । লক্ষ্য রাখিতে হইবে, ক্রস চিহ্ন (×) যেন পছন্দের প্রার্থীর নামের উপরের ও নীচের সমান্তরাল রেখা দুইটির কোনটিকেই স্পর্শ না করে ।

৩। কোন কারণেই কোন সদস্যকে একটির বেশী ভোটপত্র দেওয়া হইবে না ।

৪। ডাক-ভোট প্রদানে ইচ্ছুক ভোটাধিকারী সদস্যকে ডাক-ভোট প্রদানের ইচ্ছা প্রকাশ করিয়া ডাক-ভোট পত্র প্রেরণের জন্য লিখিত আবেদন করিতে হইবে । আবেদনপত্রের নমুনা সংযোজিত হইল। প্রয়োজনে ইহার ফটোকপি অথবা কম্পোজ করা কপি ব্যবহার করা যাইবে ।

৫। ডাক-ভোটের আবেদনপত্র বাহক মারফত পাঠানো যাইবে, কিন্তু কোন অবস্থাতেই কোন বাহকের হাতে ডাক-ভোটপত্র দেওয়া হইবে না । ডাক-ভোটপত্র আবেদনপত্রে উল্লেখিত ঠিকানায় কুরিয়ার/ডাকযোগে পাঠানো হইবে ।

৬। প্রত্যেক ডাক-ভোটপত্রে ভোটারের সদস্য নম্বর উল্লেখসহ স্বাক্ষর থাকিতে হইবে, আবেদনপত্রে প্রদত্ত স্বাক্ষরের সহিত এই স্বাক্ষরের মিল থাকিতে হইবে। নির্বাচন কমিশনার ডাক-ভোটারের পরিচয় গোপন রাখার ব্যবস্থা গ্রহণ করিবেন ।

৭। কোন সদস্যকে ডাক-ভোটপত্র প্রেরণ করা হইলে তাঁহাকে ডাক-ভোটের মাধ্যমেই ভোট প্রদান করিতে হইবে ।

৮। ঘোষিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরে কাহাকেও ভোটপত্র প্রদান করা হইবে না বা কাহারও ভোটপত্র গ্রহণ করা হইবে না ।

৯। ডাক-ভোটপত্র বাতিল হইবে, যদি

ক) নির্দিষ্ট সময়ের মধ্যে ডাক-ভোটপত্র নির্বাচন কমিশানারের নিকট আসিয়া না পৌছায়, অথবা
খ) ডাক-ভোটপত্রে সদস্য নম্বর উল্লেখসহ স্বাক্ষর না থাকে, অথবা
গ) উহাতে নির্বাচন কমিশনারের দস্তখত না থাকে ।

১০। ভোট বাতিল হইবে, যদি

ক) কোন পদের জন্য প্রয়োজনাতিরিক্ত ভোট দেওয়া হয়, অথবা
খ) কোন্ প্রার্থীকে ভোট দেওয়া হইয়াছে, সে সম্পর্কে কোন অনিশ্চয়তা থাকে ।